



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

(নিয়োগ ও কল্যাণ বিভাগ)

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

### চাকুরিতে যোগদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর নিয়োগ ও কল্যাণ বিভাগের ১১ ডিসেম্বর ২০১৭ তারিখের স্মারক নং-১২.০৬.০০০০.২০৮.১১.২৪১.১৭-৯০১ এর মাধ্যমে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের নিমিত্ত অপেক্ষমান তালিকা হতে মেধাক্রমের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীগণের যোগযোগ/বর্তমান ঠিকানায় ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। উক্ত নিয়োগপত্রে তাঁদেরকে আগামী ১৬ জুন ২০১৯ তারিখ সচিব, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা বরাবর যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। যোগদানের সময় প্রার্থীদেরকে বিএডিসি'র প্রধান চিকিৎসক, মেডিকেল সেন্টার, কৃষি ভবন, ঢাকা থেকে মেডিকেল সার্টিফিকেট, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্রগত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সদ্য তোলা ছবি ও ২ কপি জীবন বৃত্তান্ত, ২ কপি পুলিশ ভেরিফিকেশন ফরম, ২ কপি সম্পত্তির ঘোষণাপত্র ফরম (বিএডিসির ওয়েবসাইটে হতে সংগ্রহপূর্বক) যথাযথভাবে পূরণ করে যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। উল্লেখ্য ফরম পূরণ, মেডিকেল সার্টিফিকেট গ্রহণ ইত্যাদি যাবতীয় কাজ যোগদানের তারিখের পূর্বেই সম্পন্ন করতে হবে।

০২। কোনো প্রার্থী নিয়োগপত্র না পেলে তাঁকে আগামী ১২ জুন ২০১৯ তারিখে অফিস চলাকালীন নিয়োগ ও কল্যাণ বিভাগ, কৃষি ভবন, ঢাকায় যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

০৩। বিএডিসি'র ওয়েবসাইটেও ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

(আব্দুল লতিফ মোস্তাফা)  
 সচিব  
 বিএডিসি, ঢাকা।